দর্শনায় কেরুজ চিনিকলের মুক্তিযোদ্ধা সন্তানদের প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ

দর্শনায় কেরুজ চিনিকলের মুক্তিযোদ্ধা সন্তানদের কোটা ভিত্তিক চাকুরী না দেওয়ার প্রতিবাদে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা কেরুজ চিনিকল মুক্তিযোদ্ধা সংসদ প্রতিষ্টানিক সন্তান কমান্ডের কার্যালয়ে এ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

যুদ্ধকালীন কমান্ডার বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীর সভাপতিত্বে উপস্থিত থেকে আলোচনা সভায় বক্তারা বলেন, ২০১৯-২০ মৌসুমে আমরা আন্দোলন করলে মুক্তিযোদ্ধা বিষয়ক মুন্ত্রী আ.খ.ম মোজাম্মেল হক, শিল্পমুন্ত্রী নুরুল মজিদ চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দার ছেলুন ও চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আগগার টগর (এমপি) মহাদয়ের নির্দেশ দেন এসমস্ত মুক্তিযোদ্ধা সন্তানদের দর্শনা কেরুজ চিনিকলে সেটাপের অনুকুলে নিয়োগ দেওয়ার জন্য নির্দেশ দেন। কিন্তু ম্যানেজমেন্ট তা না করে ৩২০ টকা মুজুরীতে মিল চলাকালীন সময়ে মৌসুমী চুক্তিভিত্তিক পদে তাদেরকে যোগদান করায়। এ যোগদানকৃতদের মধ্যে ২০২২-২৩ মাড়াই মৌসুমে ৯ জনকে চাকুরী থেকে বাদ দিয়ে দেয় এবং বাকী যারা কর্মরত রয়েছে তাদের কোন কাগজপত্র না দেওয়া বেতন পাওয়া নিয়ে অনিশ্চিতায় পড়েছে। তারই প্রতিবাদে মুক্তিযোদ্ধা প্রতিষ্ঠানিক সন্তান কমান্ড কার্যালয়ে প্রতিবাদ সমাবেশ করেন মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের সন্তানেরা।

এ সময় বক্তব্যে রাখেন বীর মুক্তিযোদ্ধা তানজিন আহম্মেদ, জয়নাল আবেদিন, আব্দুল খালেক, আব্দুল হান্নান, আনোয়ারুল ইসলাম বাবু, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সাবেক সভাপতি রুস্তম আলী, আব্বাস উদ্দিন, রেজাউল করিম সবুর, হাজি এরশাদ আলী মাস্টার, আনরুল ইসলাম, মতিয়ার রহমান, মহাসিন আলী, নাসির উদ্দীন, আলাউদ্দীন।

উপস্থিত ছিলেন, মুক্তিযোদ্ধা সন্তানদের মধ্যে মঞ্জুরুল হক,

নাজিম উদ্দীন, মোহাম্মদ আলী, রবিউর ইসলাম। তারা আরও বলেন এ দাবি আদায় না হলে বৃহত্তরভাবে আন্দোলন গড়ে তুলা হবে।

অনুষ্ঠান পরিচালনা করেন মুক্তিযোদ্ধা সন্তান লিটন।